এফএনএস আর্ন্তজাতিক: ফ্রান্সের প্যারিসে প্রথম বিশ্বযুদ্ধের শতবর্ষ পূর্তি অনুষ্ঠানে জাতীয়তাবাদের বিপদ সম্পর্কে বিশ্বনেতাদেরকে সতর্ক করে দিয়ে তা বর্জনের আহ্বান জানিয়েছেন প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ।
১শ' বছর আগের সেই যুদ্ধের বিভীষিকা যাতে আবারো ফিরে না আসে সেজন্য শান্তিপ্রিয় ব্যক্তিদের একযোগে কাজ করার আহ্বান জানান তিনি।
বিশ্বজুড়ে জাতীয়তাবাদের উত্থানে শান্তি হুমকির মুখে পড়ছে বলে সতর্ক করে দিয়ে ম্যাক্রোঁ অনুষ্ঠানে উপস্থিত প্রায় ৭০টি দেশের প্রধানকে বলেন, 'শান্তির জন্য সংগ্রাম করুন"।
"জাতীয়তাবাদ হচ্ছে দেশপ্রেমের প্রতিবিশ্বাসঘাতকতা", বলেন ম্যাক্রোঁ। রোববারের ভাষণে তিনি বলেন, '' আপনারা অন্যান্যরে কোনো তোয়াক্কা না করে কেবল নিজেদের স্বার্থই সর্বাগ্রে রেখে একটি জাতির সবচেয়ে মূল্যবান জিনিসই বাদ করে দিচ্ছেন- আর তা হল নৈতিকি মূল্যবোধ।''
২০ মিনিটের এ ভাষণে ফরাসি প্রেসিডেন্ট ম্যাক্রোঁ বিশ্বনেতাদেরকে অতীতের শিক্ষা ভুলে না যাওয়ার আহ্বান জানান। তিনি বলেন, মোহে পড়ে শান্তির আশা বিনষ্ট করা হলে ভুল করা হবে। এর জন্য ভবিষ্যৎ প্রজন্ম আমাদেরকেই দায়ী করবে।
যারা জাতীয়তাবাদী সেন্টিমেন্ট নিয়ে অন্যদেরকে অসুবিধায় ফেলে তাদের নিন্দা করেন ম্যাক্রোঁ।
মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প 'আমেরিকা সর্বাগ্রে' নীতি নিয়েই হোয়াইট হাউজে তার যাত্রা শুরু করেছেন। আবার এ মাসে কংগ্রেস নির্বাচনেও তিনি নিজেকে 'জাতীয়তাবাদী' আখ্যা দিয়েছেন।
প্যারিসে ম্যাক্রোঁর ভাষণের সময় ট্রাম্প নিশ্চল হয়ে কঠিন মুখে বসে ছিলেন সামনের সারিতেই। তবে ম্যাক্রোঁর ভাষণের তাৎক্ষণিক কোনো প্রতিক্রিয়া জানায়নি হোয়াইট হাউজ।
বিশ্বে সম্প্রতি ডান-পন্থি জাতীয়তাবাদী কিংবা লোকরঞ্জনবাদী দলগুলোর উত্থান ঘটছে। ইতালি, হাঙ্গেরি, পোল্যান্ড, অস্ট্রিয়া, স্লোভেনিয়াসহ অনেক দেশের ক্ষমতা বলয়েও স্থান করে নিয়েছে এ দলগুলো।
ব্রাজিল থেকে তুরস্ক এবং ফিলিপাইনেও জাতীয়তাবাদী দলগুলো মাথাচাড়া দিচ্ছে। ফলে হুমকির মুখে পড়ছে বহুপক্ষবাদ।
"জাতীয়তাবাদের পুরোনো সেই অশুভ শক্তি আবারো ফিরে আসছে" বলে ম্যাক্রোঁ তার ভাষণে সবাইকে সতর্ক করে দেন।